দৈনিক সংবাদ

তারিখ ... 30 MAR 1988 ...
পৃষ্ঠা ... 1 কলাম 8 ...

025

## পহেলা এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস

আগামী পহেলা এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস পঞ্চমবারের মত উদযাপিত হবে। ঐদিন সকাল সাড়ে আটটায় বিশ্ববিদ্যালয় কলা-ভবনের পশ্চিম পার্শ্বস্থ সবুজ চত্বরে দিবসটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভারপ্রাপ্ত উপাচার্য এবং সাবেক পররাষ্ট্রমন্ত্রী অধ্যাপক মুহম্মদ শামসউল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান।

বিশ্ববিদ্যালয় দিবস পালন উপলক্ষে অন্যান্যবারের মতো এবারও দিনব্যাপী বিস্তারিত কর্মসূচী গ্রহণ করা হয়েছে। সম্মিলিত কুচকাওয়াজ ছাড়াও কর্মসূচীর মধ্যে থাকবে মুক্তমঞ্চের নাটক, আবৃত্তি, সাংস্কৃতিক অনু-

(শেষ পৃ: ৮-এর ক: দ্র:)

## ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস

(১ম পাতার পর)

ষ্ঠান এবং আলোকচিত্র, হস্ত-শিল্পকলা, পুস্তক, দুষ্প্রাপ্য পাণ্ডুলিপি ইত্যাদির প্রদর্শনী। এই উপলক্ষে ঐদিন বিশ্ব-বিদ্যালয়ের সকল বিভাগ, ইন-স্টিটিউট, হল, গ্রন্থাগার, গবেষণা-গার, ক্যাফেটারিয়া অভ্যাগতদের জন্য অপরাহ্ন পর্যন্ত খোলা থাকবে।

বিশ্ববিদ্যালয়ের সকল প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মচারী, অভিভাবক, বিদ্যা-নুরাগীকে ঐ দিনে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে।